



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

আইসিটি সেল

”সুস্থ শ্রমিক, শোভন কর্মপরিবেশ;  
গড়ে তুলবে স্মার্ট বাংলাদেশ“

শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর,  
ঢাকা-১০০০।

[www.dife.gov.bd](http://www.dife.gov.bd)

৩ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ

তারিখ: ১৬ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৪০.০১.০০০০.১০১.৯৯.০০৮.২০.২৩

বিষয়: ইতৎপূর্বে বাস্তবায়িত উত্তীবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহের ডাটাবেজ হালনাগাদকরণ প্রসঙ্গে (৩য় ত্রৈমাসিক)

ডাটাবেজ প্রস্তুতের তারিখ: ০৮ এপ্রিল, ২০২৪

১	২	৩	৪	৫	৬	৭
ক্রম নং	ইতৎপূর্বে বাস্তবায়িত উত্তীবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবায় আইডি য়ার নাম	সেবায় আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ	সেবায়/আই ডিয়াটি কার্যকর আছে কি- না/ না থাকলে কারণ	সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না	সেবার লিংক	ম ন্তব্য
০১	LIMA Online Licensin g full automati on	শ্রম আইন ও বিধি অনুযায়ী কারখানা/প্রতিষ্ঠানের লাইসেন্সকরণ প্রক্রিয়াটি একটি জটিল প্রক্রিয়া। এই প্রক্রিয়াটি সহজতর এবং সম্পূর্ণ অনলাইন করার জন্য LIMA Online Licensing full automation নামক উদ্যোগটি নেওয়া হয়। এটি বাস্তবায়নের ফলে কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষ অনলাইনে কারখানার মেশিন লে-আউট প্ল্যান অনুমোদনের আবেদন, কারখানার/প্রতিষ্ঠানের আবেদন, লাইসেন্স অনুমোদনের আবেদন, সংশ্লিষ্ট ফী সম্মুহ অনলাইনে প্রদান, লাইসেন্স ডেরিফিকেশন ইত্যাদির কাজ করতে পারবেন। অন্যদিকে, অধিদপ্তরের কর্মচারীগণ সম্পূর্ণ অনলাইনে কারখানার মেশিন লে-আউট প্ল্যান অনুমোদন, লাইসেন্স অনুমোদন এবং এসবের সাথে সংশ্লিষ্ট সকল কাজ করতে পারবেন।	কার্যকর আছে	প্রত্যাশিত ফলাফল পাচ্ছে	<a href="https://lima.dife.gov.bd/">https://lima.dife.gov.bd/</a>	

০২	LIMA OSH module upgradation	শুরু আইন ও বিধি অনুযায়ী বাংলাদেশে অবস্থিত সরকারি মালিকানাধীন ব্যক্তিত সকল কারখানা/প্রতিষ্ঠান-কে নিয়মিতভাবে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্ত বিষয়ক কিছু প্রতিবেদন এবং কোন দুর্ঘটনা ঘটলে তার নোটিশ এবং প্রতিবেদন ডাইফ-কে প্রেরণ করতে হয়। এইসব প্রতিবেদন ও নোটিশ প্রেরণের কাজটি সম্পূর্ণ অনলাইনে করা, সময়সত্ত্ব প্রতিবেদন প্রেরণ না করলে কারখানা/প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে নোটিফিকেশন পাঠানো, এবং প্রতিবেদন ও নোটিশ গুলো নিয়ে একটি ডেটাবেজ নির্মাণ করাই LIMA OSH module upgradation এর উদ্দেশ্য।	কার্যকর আছে	কারখানা ব্যবহারকারীদের প্রশিক্ষণ চলমান। প্রচার প্রচারণা ব্যাপকভাবে করলে দুর্ত প্রত্যাশিত ফল পাওয়া যাবে।	<a href="https://lima.dife.gov.bd/">https://lima.dife.gov.bd/</a>	
০৩	ডাইফ ইনভেন্টরি এন্ড রিকুইজিশন সিস্টেম	একটি ওয়েব-বেজেড সফটওয়্যার যাতে প্রত্যেক কর্মচারীর প্রাপ্ত্যা (সংশ্লিষ্ট প্রজ্ঞাপন অনুযায়ী) সফটওয়্যার ব্যবহারকারীর পদবী অনুযায়ী প্রিডিফাইন করা থাকবে। প্রত্যেক কর্মচারীর নিজ নামে উক্ত সফটওয়্যারে একাউন্ট থাকবে। উক্ত একাউন্টে লগ-ইন করে তিনি পণ্যের চাহিদা পত্র একটি অনলাইন ফরম পূরণ করে প্রেরণ করবেন। পণ্য সরবরাহকারী শাখার একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার জন্য 'ইনভেন্টরি ম্যানেজার' হিসাবে একটি একাউন্ট থাকবে এবং উক্ত একাউন্টে লগ-ইন করে তিনি প্রাপ্ত সকল চাহিদাপত্র তালিকা আকারে দেখতে পাবেন। সেই তালিকায় পণ্যের চাহিদার পাশাপাশি পণ্যের বর্তমান স্টক প্রদর্শন করবে। তালিকা যাচাইপৰ্বক চাহিদাপত্র অনুমোদনের ব্যবস্থা থাকবে।	কার্যকর নাই	সফটওয়্যারটির হালনাগাদ সম্পন্ন করে নিজস্ব সার্ভারে মাইগ্রেট করার কাজ চলমান, সাময়িকভাবে সার্ভিসটি বন্ধ আছে।	-	
০৪	ডাইফ OSH ই-টুল	একটি কারখানা তাদের নিজস্ব রিস্ক আসেসমেন্ট এর মাধ্যমে ঝুঁকি নিরূপণ করতে পারবে। রিস্ক অ্যাসেসমেন্ট পরবর্তী কারখানার পেশাগত সেফটি বজায় রাখার জন্য কি কি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন সে বিষয়ে একটি সম্যক সহযোগিতা/গাইডলাইন এই ই-টুল প্রদান করবে।	কার্যকর নাই	সফটওয়্যারটির হালনাগাদ সম্পন্ন করে নিজস্ব সার্ভারে মাইগ্রেট করার কাজ চলমান, সাময়িকভাবে সার্ভিসটি বন্ধ আছে।	-	
০৫	অনলাইন আউটসোর্সিং (ঠিকাদার) লাইসেন্স	কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের সিটিজেন চার্টারভুক্ত অন্যতম সেবা ঠিকাদার সংস্থার (outsourcing) রেজিস্ট্রেকরণ ও লাইসেন্স প্রদান, নবায়ন এবং সংশোধন। ২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যাল ও উক্তাবনী কর্মপরিকল্পনার আওতায় এই সেবাটি ডিজিটাইজ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এতে সেবা প্রার্থিদের সময়, যাতায়াত ও খরচ উল্লেখযোগ্য পরিমাণে হাস পাবে।	কার্যকর আছে	সেবাটি অত্র অধিদপ্তরের অনলাইন প্লাটফর্ম LIMA-তে ইনিগ্রেট করা হবে বিধায় এটি বর্তমানে পরীক্ষামূলকভাবে চালু আছে।	<a href="http://43.229.15.251/">http://43.229.15.251/</a>	



১৬-০৮-২০২৪

মিনা মাসুদ উজ্জামান  
অতিরিক্ত মহাপরিদর্শক (যুগ্মসচিব)

+৮৮-০২-২২৬৬৬৪২০৮ (ফোন)

- (ফ্যা�ক্স)

addig@dife.gov.bd

**বিতরণ জাতার্থে/জাতার্থে ও কার্যার্থে(জ্যোত্তার ক্রমানুসারে নয়):**

- ১। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
- ২। যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৩। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়;
- ৫। আইন কর্মকর্তা, আইন উপশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৬। শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর এবং
- ৭। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর।

